

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৬ ফেব্রুয়ারী ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী

জেলা: রাজশাহী

তারিখ: ২৬-০২-২০২৬

বুলেটিন নম্বর: ১২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২৩.০২.২০২৬ থেকে ২৫.০২.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৩-০২-২০২৬	২৪-০২-২০২৬	২৫-০২-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১	৩৩	৩৪
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৩	১৩	১২
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৩৫	৩৮	৩৮
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৬	১২	১৯
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৬.০২.২০২৬ থেকে ০১.০৩.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৬-০২-২০২৬	২৭-০২-২০২৬	২৮-০২-২০২৬	০১-০৩-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৯	৩০	৩৩	৩৩
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৩	১০	১০	১১
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৩৪	৩৬	৫৬	৭১
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১৭	২০	১৮
বাতাসের দিক	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম	উত্তর - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ২২ ফেব্রুয়ারী ২০২৬ – ০১ মার্চ ২০২৬

গম: পর্যায়: দানা গঠন

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। দানার গঠনের সময় উচ্চ তাপমাত্রা থাকলে দানার ওজন এবং গুণগতমান কম হয়। এ পর্যায়ে ভালো ফলনের জন্য ৩য় সেচ প্রদান করুন। শেষ রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাক, সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে অনুমোদিত কীটনাশক স্প্রে করুন।

আম:

আগামী চার দিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। বর্তমানে আম গাছে ফুল আসা শুরু হয়েছে। এ অবস্থায় আম গাছে কোন প্রকার কীটনাশক প্রয়োগ করবেন না, তাতে পরাগায়ণের সমস্যা হবে। সেচ প্রদান করুন।